

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

তারিখ : ১৩/০৯/২০২৩ খ্রি:


লালমাটিয়া সরকারি মহিলা কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সে শিক্ষার্থীরা যারা ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীরা পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে যারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তখুমাত্র তারা ২০২২ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য সর্বোচ্চ ২টি কোর্সে পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সের পরীক্ষা দিতে হবে। ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে করবে। সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদ সাপেক্ষে) অবশ্যই ন্যূনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C-Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত পত্র ২০২২ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর মোট ফি এর অতিরিক্ত ১০০০ (এক হাজার) টাকা ফি প্রদান করতে হবে। ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে আবেদন ফরম পূরণ করে Download করতে হবে। Download কৃত ফরমটি প্রিন্ট করে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে দেয়া হল।

- (ক) বেতন ও ফরম পূরণের টাকা পরিশোধ ও ফরম পূরণের তারিখ : ১৮/০৯/২০২৩ থেকে ১৫/১০/২০২৩ খ্রি: পর্যন্ত।
- (খ) পূরণকৃত আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :
- (i) অনার্স রেজিস্ট্রেশন কার্ড ও অনার্স ১ম বর্ষের প্রবেশপত্রের ফটোকপি ১ কপি।
- (ii) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- (গ) পরীক্ষার ফি :


ক্র. নং	বিবরণ	টাকার পরিমাণ
১	তত্ত্বীয় (প্রতি পূর্ণপত্র)	২৫০/-
২	তত্ত্বীয় (প্রতি অর্ধপত্র)	২০০/-
৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স)	২৫০/-
৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১০০/-
৫	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-
৬	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী প্রতি কোর্সে)	১৫০/-
৭	বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি-এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী	৩০০/-
৮	২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীর সর্বমোট ফি	৫০০০/-
৯	C-Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভুক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী)	১০০০/-
৯	ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী)	৫০/-

☐ ব্যবহারিক পরীক্ষা ফি প্রথম দিন ১৩০/- টাকা, পরবর্তী দিন ৭৫ টাকা এবং চূড়ান্ত মৌখিক পরীক্ষা ফি ৭৫/- টাকা করে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট পরীক্ষা পরিচালনার জন্য কলেজে প্রদান করতে হবে।

☐ ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নেই।


স্বাক্ষর

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


তারিখ: ১৩/০৯/২০২৩